বিজ্ঞাপন।

কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রবেশার্থি ছাত্রদিগের পরীক্ষারার্থ যে সমস্ত বাঙ্গালা গ্রন্থ নিধার্য্য হইয়াছে; তৎসমুদয়ের শব্দার্থ অতিশয় কঠিন। কারণ বিদ্যার্থিদিগের প্রতি অতিশয় কাঠিন্য গ্রন্থ প্রদান করা বিধেয় নহে। বিশেষ বঙ্গ সাধুভাষায় শব্দার্থ উত্তমরূপে জ্ঞাত না হইলে উত্তম রূপে বোধগম্য হইতে পারে না। তজ্জন্য বিদ্যার্থিদিগের সাতিশয় সুলভত্ব জন্য প্রত্যেক অসহজ শব্দের শব্দার্থ লিখিত হইল।

পাঠকবর্গের প্রতি সবিনয় পুরঃসর নিবেদন করিতেছি, ছাপাযন্ত্র জন্য পুস্তক মুদ্রাঙ্কণে সাতিশয় বিলম্ব হওয়াতে বিদ্যার্থিদিগের সুলভার্থে অনবধানে অতি শীঘ্র করিয়া মুদ্রিত করা হইল; তজ্জন্য দোষাদোষ মার্জ্জনা করিবেন।

শ্রীভুবনচন্দ্র বসাক

টেলিমেকস।

বিজ্ঞাপন।

শব্দ	অর্থ
সুপ্রসিদ্ধ,	সুবিখ্যাত।
পরম,	উৎকৃষ্ট।
প্রাজ্ঞ,	বুদ্ধিমান।
পণ্ডিত,	বিদ্বান।
ধার্ম্মিক,	ধর্ম্মশীল।
তৎকালীন,	সেইসময়ে।
অধিপতি,	রাজা।
নিজ,	আপনার।
পৌত্র,	পুত্রেরপুত্র।
প্রদান,	অর্পণ।
উদ্ধত,	দুরন্ত।
উচ্ছৃঙ্খল,	অবাধ্য।
নীতি,	সদুপদেশ।
নিতান্ত,	একান্ত।
অমনোযোগী,	অপ্রণিধান।
উপাখ্যানচ্ছলে,	গল্পেরছলনাতে।
অত্যুৎকৃষ্ট,	অত্যুত্তম।
মহাকাব্য,	উত্তমপদ্য।
পরিগণিত,	গ্রাহ্য, গ্রহণের যোগ্য।
যাবতীয়,	যত।
অনুবাদিত,	একভাষাহইতে ভাষান্তর করণ।
উৎকৃষ্ট,	উত্তম।
উপকার,	ফল।
দর্শিতে,	ফলিতে, হইতে।
কতিপয়,	কতকগুলিন।
অনুরোধ,	উপরোধ।
প্রবৃত্ত,	নিযুক্ত।
বিলক্ষণ,	বিশেষ।
ক্ষমতা,	পারগতা।
তদীয়,	তাহার।
চমৎকারিত্ব,	যদগুণের দ্বারা আশ্চর্য্যহইতে হয়।
মনোহারিত্ব,	যদগুণের দ্বারা মনকেহরে।
রক্ষাকরা,	বজায়রাখা।

সবিশেষ, বিশেষ।
পর্য্যালোচনা, সর্ব্বতোভাবে আলোচনা।
দুরূহব্যাপার, কঠিনবিষয়।
হস্তার্পণ, নিযুক্ত।
কিয়দ্দূর, কিছুদূর।
দুঃসাধ্য, যাহাকে দুঃখেতে সাধনকরিতে পারাযায়।
অধ্যবসায়, যত্নকরায়, উদ্যমতায়।
সঙ্কুচিত, উৎকণ্ঠিত।
সংশয়াবিষ্টচিত্তে, সন্দেহযুক্তমনে।
আপাততঃ, এক্ষণে।
মূলগ্রন্থ, আদিপুস্তক।
অপরাধী, দোষী।
সর্ব্বত্রে, সর্ব্বস্থানে।
নির্ব্বিবাদে, নিরুদ্বেগে।
আদরণীয়, পূজনীয়।
লক্ষিত, চিহ্নিত।
বিনয়বচনে, নম্রীভূত বাক্যে।
অনির্ব্বচনীয়, বাক্যাতীত।
অকিঞ্চিৎকর, যাহাতে কিছুই হয় না।

প্রত্যাশা, আশার প্রতি, ভরসা।
উল্লেখ, উপরে যাহা লেখা হইয়াছে।
তাৎপর্য্য, অভিপ্রায়।
সঙ্কলিত, সংগৃহীত।
আদ্যোপান্ত, প্রথম অবধি শেষ পর্য্যন্ত।
সংশোধন, শুদ্ধ।

উপাখ্যান, গল্প।
আরম্ভ, উদ্যোগ।
পূর্ব্ববৃত্তান্ত, পুরাতনবিষয়।
অবগত, জ্ঞাত।
বোধগম্য, বুদ্ধিরদ্বারা জ্ঞান প্রাপ্ত।
সংক্ষেপে, অল্পে।
বর্ণিত, রচিত, সবিশেষ কথিত।
অন্তঃপাতি, মধ্যবর্ত্তী।
উপস্থিত, উপনীত।
তত্রত্য, সেইস্থানস্থিত।
অভ্যাগতোচিত, অতিথির উপযুক্ত।

সৎকার, মান অভ্যর্থনা।
সমাদর, আদর।
আবাস, বাসস্থান।
অবস্থিতি, বাস।
মহিষী, রাজার প্রধান স্ত্রী।
তৎকালে, সেই সময়ে।
ভূমণ্ডলে, পৃথিবীতে।
রূপলাবণ্যবতী, কান্তিবিশিষ্টা।
সুন্দরী, নারী।
সাতিশয়, অত্যন্ত।
সদ্ভাব, উত্তমভাব।
প্রণয়, প্রীতি।
কার্য্যানুরোধতঃ, কার্য্যের জন্য।
অনুপস্থিতি, অনাগত।
অপহরণপূর্ব্বক, চুরিকরিয়া।
পলায়ন প্রস্থান।
প্রত্যাগত, পুনরাগমন।
অদৃষ্টচর, অদর্শনীয়।
অশ্রুতপূর্ব্ব, পূর্ব্বেনাশুনিয়া।
কৃতঘ্নতা, অনুপকারজ্ঞতা, উপকার না মানা।
বিশ্বাসঘাতকতা, বিশ্বাসনাশকতা।

কুপিত, রাগান্বিত।
অভিযোগ, অপরাধ সকল যোজন।
প্রত্যানয়নউদ্দেশে, পুনর্ব্বার আনিবার জন্য।
সমভিব্যাহারে, সঙ্গে।
কৃতকার্য্য, সফল।
প্রাণবধের, প্রাণনাশের।
অধিকন্তু, আরো।
উদ্যম, উদ্যোগ।
প্রত্যাগত, ফিরে আসা।
সর্ব্বাংশে সর্ব্বপ্রকারে।
প্রচারিত, প্রকাশিত।
নরপতিগণ, রাজাসমূহ।
অপমান, অমর্য্যাদা।
সর্ব্বসাধারণের, সকল লোকের।
সমুচিত, উচিত।
কৃতনিশ্চয়, নিশ্চয়করা।
প্রতিফল, উপযুক্তশাস্তি।
অসংখ্যসৈন্য, অপারসৈন্য।
সমরপোত, যুদ্ধসম্বন্ধীয় সজ্জিত ভূষিত। (জাহাজ)
আক্রমণ, বিক্রমে উপস্থিত, ব্যাপন।

সংগ্রামে, যুদ্ধে।
নিপতিত, নিশ্চয়পতিত।
ভস্মাবশেষীকৃত, অবশেষে ভস্মকরা।
দীর্ঘকালীন, বহুদিন।
প্রাণত্যাগ, প্রাণবিয়োগ।
অবশিষ্ট, উদ্বৃত, বাকী।
হতাবশিষ্ট, মৃত্যুহইতে যাহারা বাঁচিয়া ছিল।
রাজধানী, যেস্থানে রাজার বাসস্থান।
অতীত, গত।
পিতৃপরায়ণ, পিতৃভক্ত।
অনাগমনে, না আসাতে।
যৎপরোনাস্তি, যার পর আর নাই।
উৎকণ্ঠিত, ব্যাকুলিত।
অনুসন্ধান, অন্বেষণ।
কাতর, ব্যাকুল
অধৈর্য্য, ধৈর্য্যরহিত, অসহিষ্ণু।
অন্বেষণার্থ, অনুসন্ধানের জন্য। [সিতেন।
স্নেহকরিতেন ভাল বা

নির্গত, বাহির।
নিবারণ, নিবৃত্তি।
বিবেচনা, বিচার।
আবির্ভূত, হঠাৎপ্রকাশিত।
আকারঅবলম্বনপূর্ব্বক, রূপধারণ করিয়া।
অসাহসিকতা, আসাধারণ সাহস সম্পন্ন।
অবিমৃষ্যকারিতার, অবিবেচনার।
পিতৃবৎসল, পিতার অনুরাগী।
স্নেহবশীভূতা, স্নেহ পরবশ
সহচর, সঙ্গী।
অনুগ্রহ, দয়া, ভক্তি।
উপদেবী, অপচ্ছায়ী।
পোতবঙ্গ, অর্ণবযানভঙ্গ।
জলমগ্নহইলেন, ডুবেগেলেন।
পূর্ব্বোক্ত, যাহা পূর্ব্বে বলা হইয়াছে।
উপনীত, উপস্থিত।
ফলকমাত্র, এক খণ্ড কাষ্ঠ।
আহ্লাদিতা, আনন্দিতা।

পাণিগ্রহণ, বিবাহ।	প্রবল, বলবান।
সহবাস, একত্রেতে বসতি।	অশেষপ্রকারে, অনেক প্রকারে।
কালযাপন, কালক্ষেপণ।	প্রলোভিত, স্পৃহান্বিত।
সম্মত, স্বীকৃত।	প্রণয়পাশেবদ্ধ হইয়া, প্রীতির স্বরূপ জালে আবদ্ধ হইয়া।
অমরত্ব, চিরস্থায়িত্ব।	শোকাভিভূত, দুঃখেতে জ- (ড়িত)।
স্থিরযৌবন, চিরকালযুবা।	শান্ত, ক্ষান্ত।
স্বদেশানুরাগ আত্মদেশের-প্রতিভক্তি।	সুস্থির, স্থির।
পরিবার স্নেহ, পরিবারের-প্রতি মায়া।	

প্রথমসর্গ।

বিরহ, বিচ্ছেদ।	পরিচারিকা। সেবিকা।
কাতর, ব্যাকুল,	অপ্সরা, নর্ত্তকী।
আক্ষেপ, দুঃখ।	নিস্তব্ধ, স্তব্ধ।
যন্ত্রণা, ক্লেশ।	সমীপে, নিকটে।
দুঃসহ, অসহ্য।	সম্ভাষণ, কথোপকথন-আলাপন।
পরিত্রাণ, রক্ষা, মুক্ত, ত্রাণ।	সতত, সর্ব্বদা।
মৌনাবলম্বন, মৌনাশ্রয়।	উপবনবর্ত্তী, বাগানের নিকট।
অশ্রুপূর্ণনয়নে, অশ্রুতে পরিপূর্ণ চক্ষে।	তরু, বৃক্ষ।
বাক্যালাপ, কথাবার্ত্তা।	

অবিরত, ক্রমাগত।
নবপল্লবে, নূতনপাতাতে।
সুশোভিত, শোভাযুক্ত।
অধীর, অস্থির।
শোকাপনোদনমানসে, আপনার শোক নষ্ট করিবার ইচ্ছায়।
ভ্রমণ, পর্য্যটন।
বিরহানল, বিচ্ছেদের স্বরূপ অগ্নি।
নির্ব্বাপিত, নির্জ্জাপিত।
প্রদীপ্ত, দীপ্তি বিশিষ্ট।
চিত্রার্পিতের ন্যায়, আঁকা ছবির মত।
নিষ্পন্দনয়নে, স্থিরচক্ষে।
অর্ণবতীরে, সমুদ্রের ধারে।
বহির্ভূত, নির্গত।
নিরীক্ষণ, অবলোকন।
নয়নযুগল, দুই চক্ষু।
অবিরত, নিরন্তর।
বাষ্পবারি, চক্ষের জল।
বিগলিত, নির্গত।
সমুদ্রতটে, অর্ণবতীরে।
রজ্জু, দড়ি।

কর্ণ, হাল।
ক্ষেপণী, দাঁড়।
অর্ণবযান সম্বন্ধীয়, জাহাজ সম্পর্কীয়।
সামগ্রী, বস্তু।
অনতিদূরে, নিকটে।
অর্ণবপ্রবাহে, জলেরস্রোতে।
কিয়ৎক্ষণ, কিছুসময়।
স্তব্ধনয়নে, স্থিরচক্ষে।
নিরীক্ষণ, দর্শন।
সাদৃশ্য, উপমা, সমতা।
অব্যাহত, আঘাতরহিত।
নিকৃষ্ট, নীচ।
লঘু, নীচ।
সুতরাং, ফলতঃ, কাজেই।
সমাগম, আগমন।
বিরহ সন্তাপ, বিচ্ছেদজন্য-দুঃখ।
নিবারণ, দূর, নিবৃত্ত।
দুরবস্থা, দুর্দ্দশা।
ব্যগ্রচিত্তে, অস্থিরমনে।
অগ্রসর, অগ্রগামী।
ভ্রম, ছলনা।
অনুমতি ব্যতিরেকে, আজ্ঞাবিনা।

সমুচিত, উচিত।
অনির্ব্বচনীয়, বাক্যের অগোচর।
আন্তরিক, মনোগত।
গোপণ, গুপ্ত।
কৃত্রিম, মিথ্যা।
তিরস্কার, ভৎসনা।
সুস্পষ্ট, পরিস্কার।
আকারোপলিক্ষতা, আকারাশ্রিত।
মানবীই, মনষ্যই।
পাষাণময়, প্রস্তর সমূহ।
জীবিতাশয়ে, বাঁচিবারইচ্ছার।
বিসর্জ্জন, ত্যাগ।
সহায়, আশ্রয়।
সঙ্কট, বিপদ।
সঙ্কুল, ব্যাকুল।
জলধি, সমুদ্র।
তরঙ্গ ঢেউ।
আত্মসমর্পণ, জীবনদান।
দৈবদুর্ব্বিপাকবশতঃ, দৈবঘটিত কর্ম্মজন্য।
সৌভাগ্য, উত্তম ভাগ্য।
অধিকার, স্বামিত্ব।

অবরুদ্ধ, আটক।
শৌর্য্যে, প্রতাপে।
অপ্রতিহত, অখণ্ডিত।
প্রভাবে, প্রতাপে।
সুবিখ্যাত, বিখ্যাত।
নিপাত, নষ্ট।
প্রত্যাগমনাভিলাষে, ফিরে আসিবার ইচ্ছায়।
অধিরূঢ, আরোহিত।
পান্থ, পথিক।
সংবাদ, সমাচার।
বায়ুবেগবশতঃ, বাতাসের তেজ জন্য।
সাগরগর্ব্ভে, সমুদ্রের মধ্যে
নির্ণয়, নিশ্চয়।
অদর্শনে, অনবলোকনে
শোকাকুল, শোকেতে ব্যাকুল।
জননী, মাতা।
পুনর্দ্দর্শনে, পুনর্ব্বার অবলোকনে।
নিরাশ্বাস, ভরসা রহিত
অহোরাত্র, দিবানিশি।
পর্য্যটণ, ভ্রমণ।

দুর্ভাগ্য, দুর্দশা।
অন্বেষণ, তত্ত্ব।
কুক্ষিগত, কালগ্রাপ্ত।
ভুত, যে সময় গিয়াছে।
ভবিষ্যৎ, যাহা হইবে।
বর্ত্তমান, যাহা হাতে আছে।
অবিজ্ঞাত, অজানিত।
প্রসন্নহইয়া, অনুকম্পাবান-
হইয়া।
অদ্যাবধি, আজপর্য্যন্ত।
বিদ্যমান, বর্ত্তমান।
অদর্শনগ্রস্ত, মৃত্যু।
বাগ্মিতা, বক্তৃতা।
বিজ্ঞতা, জ্ঞানতা।
মোহিত মুগ্ধ।
অবিতৃপ্ত, তৃপ্তিরহিত।
স্পন্দহীন, স্তব্ধ।
অবগত, জ্ঞাত।
শ্রান্তি, শ্রম।
আবাস, বাসস্থান।
বিজন, নির্জ্জন।
হৃদয়ানন্দদায়ী, মনেরআ-
হ্লাদভাগী।
স্বেচ্ছা, আত্মেচ্ছা।

সহবাস, একত্রেতে বাস-
স্থান।
পূর্ণযৌবনা, নবযুবতি।
মৃদুহাসিনী, অল্পং হাস্য-
যুক্তাস্ত্রী।
মধুরভাষিণী, মিষ্টবাক্য,
বাদিনী।
স্বস্থানাভিমুখে, আপনার
বাসস্থানেরদিকে।
অনুপম, অতুল্য।
লাবণ্য, কান্তি।
আলুলায়িতকেশপাশে, এ-
লচুল সমূহে।
চটুলতা, বক্রতা।
মাধুরী, মধুরত্ত্ব।
মোহিত মুগ্ধ।
অনুগামী, সহচর।
মৌনাবলম্বী, চুপকরিয়া
থাকা।
অধোদৃষ্টি, নিম্নে দর্শন
কন্দরসমীপে, পর্ব্বতের,
নিকটে।
সুবর্ণ, সোনা, স্বর্ণ।
রজত, রৌপ্য।

সুচারুপ্রস্তর, উত্তম পাথর।
সুশোভিত, সুসজ্জিত।
স্তম্ভ, থাম।
সুঘটিত, উত্তম গঠিত।
প্রতিমূর্ত্তি, আকৃতি।
অভ্যন্তর ভাগ, মধ্যঅংশ।
শঙ্খ, শাঁক।
শম্বুক, শামুক।
অভিনব, নূতন।
উপলখণ্ড, প্রস্তর খণ্ড।
মণ্ডিত, শোভিত।
সম্পাদন, নিষ্পাদন।
শীতলসুগন্ধ, মনোহর গন্ধ।
মন্দ২ মঞ্চার, অল্প২ সংক্রম।
তরঙ্গিণী, নদী।
ঝর্ঝরনিনাদ, ঝর্ঝরশব্দ।
চতুর্দ্দিক, চারিদিক।
পাদপসমূহ, বৃক্ষ সকল।
বিকসিত, প্রস্ফুটিত।
সুষমা, পরম শোভা।
দর্শনেন্দ্রিয়, চক্ষু।
অমৃতায়মান অমৃতেরমতন।
সৌরভ, সুগন্ধ।

চরিতার্থতা, সার্থকতা।
পরিণাম, শেষ।
কুসুমপরিণাম, ফুল হইয়া গেলে।
অমৃতাস্বাদ পরিপূরিত, সুধারন্যায় আস্বাদনে পরিপূরিত।
ফলপ্রসব করে, ফলোৎপাদন করে।
অসূর্য্য স্পর্শ, সূর্য্যযেখানে, দেখা যায়না।
ভূভাগে আকাশে।
বিহঙ্গম, পক্ষী।
শ্রুতিসুখবাহ, শুনিতে ভাল।
জলপ্রপাত, জলপরা, ঝর্ণা।
ধ্বনি, শব্দ।
শ্রবণ গোচরহয়না, শুনিতে পারা যায় না।
অতিশয়, অত্যন্ত।
আদ্র বস্ত্র, ভিজেকাপড়।
সমক্ষে, সাক্ষাতে।
দ্রবীভূত, আর্দ্র যুক্ত।
অভিনব, নূতন।

জলমগ্ন — নিবদ্ধ, জলে, ডোবাতে করে।
ক্লান্তি, শমী, ক্লেশ।
বৈকল্য, বিকলতা।
সুচারুপরিচ্ছদ, উত্তমবস্ত্র।
সৌষ্ঠব, সৌন্দর্য্য।
আপাত মনোরম, তাৎকালিক মনোরঞ্জন।
অপরিনামদর্শী যাহার শেষ হয় না।
সহসা, হঠাৎ।
আকৃষ্ট, আকর্ষিত, কৃত, আকর্ষণ।
মুগ্ধ, মোহিত।
ভৎসনা, নিন্দা।
আসক্তি, রক্ত।
অতিবর্তন, কাটান।
সৎপথাবলম্বী, উত্তমপথাশ্রয়ী।
অনুরক্ত, আসক্ত।
প্রতিপত্তি, যশঃ।
জলাঞ্জলি, ত্যাগ।
পরম্পরা, ধারা বাহিক।
অকাতরে, অনায়াসে।
ভাজন, পাত্র।
পরতন্ত্র, পরাধীন।
করুণার্দ্র চিত্তে, দয়ার্দ্র মনে।
ক্লেশবিমজ্জনার্থ, পরিশুদ্ধ শেষ করিবার জন্য।
সর্ব্বনাশ, সকল নষ্ট।
সঙ্ঘটিত, ঘটিত।
প্রবহন, যানবিশেষ।
তদপেক্ষা, তার চেয়ে।
মায়াবিনীর, মায়াযুক্ত নারীর।
সিদ্ধান্ত, মিমাংসা।
সুখাসক্তি, সুখেতে রত।
ধর্ম্ম ভ্রংশ, ধর্ম্ম নষ্ট।
তৎসদৃশ্য, তার তুল্য।
অনিষ্টপাত, অপকার হইবার।
যৌবন কাল সুলভ, যৌবন সময়ে সুলভ।
অভিমানবশতঃ, মানের জন্য।
সাধ্যাতীত, অসাধ্য।
বিপদাকীর্ণ, আপদে ব্যাপ্ত।
নিরাপদ, আপদ রহিত।

অসন্দিহানচিত্তে, অসন্দিগ্ধ মনে।
অনুমোদন, সন্তোষ প্রকাশ।
সতর্ক, সাবধান।
রচনবৈচিত্রে, বাক্যাল ঙ্কারে।
কুসুমচ্ছন্ন, ফুলেতে আচ্ছাদিত।
ভুজঙ্গী, কালীয় সর্প।
বিষকলস, বিষের কল্‌সী।
অনুসারে, অনুযায়িক।
তদনুবর্ত্তী, তাহার পশ্চাদ্বর্ত্তী।
পরিবর্ত্ত, বদল।
অশেষবিধ, নানাপ্রকার।
ইত্যবসরে, এরমধ্যে।
বীণাবাদন, বীণাবাজিয়া।
বিবিধবিষয়িণীগীত, নানা প্রকার গীতারম্ভ।
গতিচ্ছলে, গমন ছলে।
অপ্রতিম, অতুল্য।
ভুয়সী, যথেষ্ঠ।
বর্ষণ, পতন।
বদনে, মুখে।
সুধাকর, চন্দ্র।
ভোজনেবিরত, আহার করণে ক্ষান্ত।
সঙ্কেত, অন্যের অগোচরে অল্প বোধক কথা।
সংক্রান্ত, যুক্ত।
একান্তে, নির্জনস্থানে।
কীদৃশ, কিপ্রকার।
পদস্পর্শ, পাদিয়েছোয়া, মারাণ।
দূষিত, দোষপ্রাপ্ত।
অনুগ্রহভাজন, দয়ারপাত্র।
অনুগৃহীত, দয়ান্বিত দুঃখ দূর করণেচ্ছুক।
লোলুপ, লোভযুক্ত, ইচ্ছুক
ঈদৃশ, এই প্রকার।
অসুলভ, অসহজ।
লঙ্ঘন, বাঁধা।
সম্মত, স্বীকৃত।
তৎসহিত, তাঁহার সঙ্গে।
অধিরোহণ, আরোহণ।
আবির্ভূত, মগ্ন।
তাৎপর্য্য, অভিপ্রায়।
প্রস্তাবিত, প্রসঙ্গিত।

সবিশেষ, বিশেষরূপে।
সৌজন্য, সত্তা, সুজনতা।
কুটিলতা বক্রতা।
সারবার্ত্তা, নিগূঢ়তত্ত্ব।
দুর্নিবার, অনিবারণ।
শোকাবেগ পরতন্ত্র, দুঃখ জ্বালায় বশীভূত।
বিষবৎ, বিষেরন্যায়।
সম্বরণ, শেষ।
সমর্থ, পারগ।
অন্ততঃ, শেষ।
শোকমাত্র শ্রবণ, শোক মাত্র তৎপর।
নিবন্ধাতিশয়ে, ঈশ্বরের নিশ্চয় কার্য্যাতিশয়ে।
অভিপ্রেতসিদ্ধ, মনোনীত
অনুরক্ত, রত। (সিদ্ধ
ঔৎসুক্য, ব্যগ্রতা।
বিস্তৃত, অনেক।
অনুরুদ্ধ, উপরোধ প্রাপ্ত।
উল্লঙ্ঘন, তাচ্ছিল্য।
বহির্গত, বাহির।
অনুদ্দেশ বার্ত্তা, অন্বেষণ রহিত কথা।

পাণিগ্রহণাভিলাষে, বিবাহ করিবার ইচ্ছায়।
গতায়াত, যাতায়াত।
আকস্মিক, হঠাৎ।
বিস্ময়াপন্ন, আশ্চর্য্যান্বিত
প্রবঞ্চক, ঠক।
ব্যক্ত, প্রকাশ।
সংশয়বারূঢ়, সন্দিগ্ধ।
ক্লেশবহ, দুঃখদায়ক।
প্রতিকূলবায়ুবশে, বিপরিত বাতাসের জোরে।
নীত, প্রাপ্ত।
দুঃসাহসিকব্যবসায়, অত্যন্ত সাহসের কর্ম্ম।
নরমাংসাশী, মনুষ্য মাংসে
কুপিত, রাগান্বিত। (রক্ত
বিনষ্ট, নষ্টরহিত।
প্রিয়পাত্র, স্নেহভাজন।
বিপদ, আপদ।
প্রত্যাবর্ত্তন, ফিরে আসে।
নিয়তিক্রমে, ভাগ্যক্রমে।
পরলোকযাত্রা, মৃত্যু।
অপমানকারীদিগকে, অপমান কারীরা।

শব্দ	অর্থ
সমুচিত,	উচিত।
বিবাহার্থী,	পাণিগ্রহণাভিলাষী।
দুরাত্মাদিগকে,	দুষ্টলোক সকলকে।
বুদ্ধিকৌশল,	বুদ্ধির ক্ষমতা।
অবিমৃষ্যকারিতা,	অবিবেচনা।
অবিরক্তচিত্তে,	আনন্দমনে।
অভিমত,	মানস।
বিস্ময়,	আশ্চর্য্য।
দৈবপ্রভাবসম্পন্ন,	দৈববলে নিষ্পন্ন।
নির্দ্ধারিত,	নিশ্চিত।
ভাব,	মানস।
অনুকূল,	সাহার্য্য।
সিসিলিদ্বীপাভিমুখে,	সিসিলির দিকে।
বাত্যা,	ঝড়।
বিদ্যুদগ্নি,	তড়িতাগ্নি।
পোত,	জলযান।
ঔদ্ধত্যবশতঃ,	দৌরাত্ম্য-জন্য।
সম্যক,	উত্তম।
অকুতোভয়ে,	নির্ভয়চিত্তে।
সাহস,	ভরসা।
তদনন্তর,	তার পর।
অবিচলিতচিত্তে,	স্থিরমনে।
কার্য্যাক্ষম,	কার্য্যেতে অপারগ।
অগ্রাহ্য,	অবহেলা।
কিঞ্চিৎমাত্র,	কিছুমাত্র।
ঈষৎ,	অল্প।
তন্নিমিত্ত,	তার জন্য।
ইষ্টসিদ্ধি,	অভিলাষসফল।
অতিক্রান্ত,	মুক্ত।
ঔদ্ধত্য,	জড়গুণ সহিষ্ণুতা।
তৎপ্রতিবিধানে,	তাহার প্রতিব্যবস্থা করণে।
অভিভূত,	আচ্ছন্ন।
অক্ষুব্ধচিত্তে,	মনোদুঃখ না করিয়া।
সরলতা,	সাধুতা।
মহানুভাবতা,	মহানুমানতা।
পরিত্রাণ,	মুক্ত।
গগণমণ্ডল,	আকাশমণ্ডল।
ট্রোজনেরা,	ট্রয়দেশীয় নিবাসীরা।
নিঃসন্দেহ,	নিশ্চয়।

সংশয়, সন্দেহ।
বায়ুবেগবশাৎ, প্রবল বায়ুর জন্য।
কিঞ্চিদ্দূরে, কিছু অন্তরে।
লক্ষ্য, স্থির চিহ্ন।
অবিলম্বে, শীঘ্র।
নাবিক, নৌকাবাহক।
শক্তি সহকারে, বলের সাহার্য্যে।
অনিবার্য্য, অনিবারণ।
অগত্যা, অনুপায়।
নীত, আনীত।
আয়াস, যত্ন।
ভয়ানক, ভয়ঙ্কর।
পরিহারার্থ, ত্যাগ করিবার (জন্য।
ভীষণ, ভয়ানক।
অন্যান্য, অপরাপর।
উত্তীর্ণ, অতীত।
ধাম, বাসস্থান।
অভিসন্ধি, মানস।
দেশান্তরীয়, অন্যদেশীয়।
স্থির, নিশ্চয়।
পরিচয়, আত্মবিবরণ।
আদেশ, আজ্ঞা।

সুবর্ণদণ্ডধারণ, সোণারদণ্ড (গ্রহণ
অধিরূঢ়, আরোহণ।
পর্য্যালোচনা, সর্ব্বতোভাবে আলোচনা।
কর্কশ, কটু।
প্রয়োজন, আবশ্যক।
উপকূল, তট।
অসদভিপ্রায় সাধনের নিমিত্ত, কুমানস সিদ্ধির (জন্য।
অরণ্যে, বনে।
অধীন, বশীভূত।
হীনঅবস্থায়, নীচ দশায়।
অবস্থিতি, বাস।
সর্ব্বতোভাবে, সম্পূর্ণরূপে।
শ্রেয়স্কর, মঙ্গলদায়ক।
অপমানজনক, অমর্য্যাদার জন্য।
বিধান, ব্যবস্থা, নিয়ম।
বরং, বরঞ্চ।
ইথাকাধিপতি, ইথাকা দেশীয় রাজা।
প্রতিজ্ঞা, পণ।
তাবৎ, সমুদয়।
বিদেশ, অন্যদেশ।

পর্য্যটন, ভ্রমণ।
ক্ষান্ত, নিবৃত্ত।
অভিপ্রেত, মনোনীত।
ব্যতিরিক্ত, বিনা।
জীবন ধারণ, প্রাণধারণ।
দুর্ব্বহ, যাহাকে দুঃখেতে
বহন করাযায়।
তত্রস্থ, সেই স্থান স্থিত।
ক্রোধাবিষ্ট, রাগযুক্ত।
ধূর্ত্ততা, শঠতা।
সরোষনয়নে, রাগযুক্তচক্ষে
প্রাণসংহার, জীবন নষ্ট।
শোণিত, রক্ত।
প্রেতগণাদি, ভূতাদি।
পরিতুষ্ট, সন্তুষ্ট।
বিধেয়, কর্ত্তব্য
প্রস্তাব, প্রসঙ্গ।
সমাধিমন্দিরে, শ্মশান ভূ-
পরিতৃপ্ত, সন্তুষ্ট। (মিতে
উদ্দেশ্য, অভিপ্রায়।
আগ্রহ, ব্যগ্রতা।
ভূয়সী, যথেষ্ট।
প্রসংশা, গুণানুবাদ।
কোলাহল, ক্রন্দন।

তদনুযায়ী, সেই মত।
বধ্যবেশ, নষ্ট করিবার বেশ।
সমাধান, সম্পন্ন।
বেদি, যাগাদির জন্য উচ্চ
অনন্তর, তার পর। [স্থান।
যজ্ঞীয়, যজ্ঞ সম্বন্ধীয়।
খড়্গ, খাঁড়া।
উৎকট, বিষম।
আগ্রহ, ইচ্ছা।
শোচনীয়, শোকের যোগ্য
কারুণ্য, সদয়তা।
প্রশান্ত চিত্ততা, স্থিরমনে।
প্রদর্শন, দর্শান।
অদ্যাপি, আজঅবধি।
শৈশবাবস্থা, শিশুকাল।
কারুণ্যের, দয়ার।
অন্ততঃ, শেষ।
অবহিত, মনোযোগী।
আসন্ন, নিকটাগত।
সতর্ক, সাবধান।
কালত্রয়ের, তিনকালের।
দিব্যচক্ষে, সজল নয়নে।
জলোচ্ছাসের ন্যায়, জলের
স্রোতের ন্যায়।

লুণ্ঠন, লুঠকরা।
অহিতাচার, মন্দব্যবহার।
নিবারণে, নিবৃত্তে।
জনপদস্থ, গ্রামস্থ।
নিবেশিত, প্রবেশিত।
ভবিষ্যসূচনা, ভাবিকল্পনা ভাবি অনুষ্ঠান।
অবিচলিতচিত্তে, স্থির মনে।
দৃঢ়তা সহকারে, কঠিন সাহার্য্যে।
যথার্থতাবিষয়ে,ন্যায়বিষয়ে
অনুমাত্র, কিছুমাত্র।
বিস্ময়োৎফুল্লনয়নে, আশ্চর্য্যান্বিতচক্ষে।
অতুল, অনেক।
লোকাতীত, মনুষ্যের
মণ্ডিত, জড়িত। (অতীত।
পরিত্রাণ, মুক্ত।
কৃতাঞ্জলিপুটে, জোড়হস্তে।
অপরাধ, দোষ।
দুর্বিনীততা, দুরাচারতা।
মার্জ্জনা, ক্ষমা।
অনুষ্ঠান, আরম্ভ।
স্থগিত, রহিত।
নিরাকরণ, নিবারণ।
সজ্জীভূত, ভূষিত।
সর্ব্বতঃ, সকল।
ভয়কম্পিত, ভীতকম্পন।
জরাজীর্ণ, বৃদ্ধ।
ধাবমান, পশ্চাৎবর্ত্তী।
গো, গরু।
মেষাদি, ভেরাদি।
অব্যক্ত, অস্পষ্ট।
আর্ত্তনাদ, দুঃখের শব্দ।
ব্যাকুলিত, ব্যস্ত।
পুরবাসী, অন্তঃপুরবাসী।
সমধিক, অধিক।
প্রতারক, প্রবঞ্চক।
স্বকপোলকল্পিত, আপনার মনের দ্বারা যাহা কল্পনা করা হইয়াছে।
অব্যবহিত, অব্যবধান বিশিষ্ট।
বুদ্ধিমত্তার, জ্ঞানথাকার।
পর্ব্বতোপরি, পর্ব্বতের উপর।
নিবিড়, ঘন।

ঘনঘটাসদৃশমেঘ, মেঘ স-
মূহ তুল্য।
রজোরাশি, ধূলাসমূহ।
উত্থিত, উঠে।
অনতিবিলম্বেই, অতি-
সুব্যক্ত, প্রকাশ্য। শীঘ্রই।
আশঙ্কা, ঘৃণা।
সমুচিত, উচিত।
প্রজ্ঞা, বুদ্ধি।
শৌর্য্য, বীরত্ব।
ভবিষ্যসূচনা ভাবিকল্পনা।
সমর, যুদ্ধ।
নিতান্ত, একান্ত, সাতিশয়।
বিপৎপাতে, ব্যাঘাত হই-
নেত্রদ্বয়, দুইচক্ষু। বার।
জ্যোতিঃ তেজ।
আবির্ভূত, উদয়।
গর্বিত, অহঙ্কৃত।
আবির্ভাব, হঠাৎ প্রকাশ-
শির, মস্তক।
শিরস্ত্রাণ, মুকুট।
কটিদেশে, কোমরে।
ভল্ল, অস্ত্রবিশেষ।
বিপক্ষাভিমুখে, শত্রুর দিকে।

জরাজীর্ণ, বৃদ্ধ।
কলেবর, দেহ।
অপ্রতিম, অতুল্য।
সমীপবর্ত্তী, নিকটবর্ত্তী।
উরস্ত্রাণ, তরবার।
অক্ষয়, যাহা ক্ষয় হয় না।
করাল, যম।
করবাল, খড়্গ।
প্রচণ্ড, ভয়ানক।
সমধিক, অধিক, অত্যন্ত।
অতর্কিত, হঠাৎ।
অতর্কিতরূপে, অলক্ষিত-
আক্রান্ত, জড়ীভূত। রূপে।
দৃষ্টান্ত, নুসারী, উপমা অনু-
সারে।
সৈনাপত্য, সেনাপতির কর্ম্ম।
হীনবীর্য্য, শক্তি রহিত।
তুচ্ছ, হেয়।
বীর্য্যাধিক্য, বলাধিক্য।
ভল্ল, বড়সা।
উদ্‌গার, বমন।
নিপীড়িত, চাপাপড়ে।
প্রাণবিনাশ, জীবন নষ্ট।
উন্মোচন, মোচন।

বিজয়ী, জয়ী।
লেশমাত্র, কিছুমাত্র।
জঙ্গল, বন।
আশা, ভরসা।
অসধারণ বীর্য্য, অসামান্য শক্তি।
অলৌকিক, আশ্চর্য্য।
পরাক্রম প্রভাবে, শক্তির প্রতাপে।
আপামর, নীচঅবধি।
দেবানুগৃহীত, দেবতাদি-
গের দ্বারা অনুকম্পিত।
সাংগ্রামিক, সংগ্রামসম্বন্ধীয়।
প্রত্যাবর্ত্তন, ফিরিয়াদেয়।
আয়োজন, প্রস্তুত।
অবিলম্ব, শীঘ্র।
আশঙ্কা, ভয়।
রাজসমীপে, রাজার নিকটে।
যাত্রা, গমন।
ব্যর্থ, নিষ্ফল।
বিফল, নিষ্ফল।

দ্বিতীয় সর্গ।

অধীশ্বর, রাজা।
সাম্রাজ্য, রাজ্য।
অন্তর্বর্ত্তী, মধ্যবর্ত্তী।
তদ্বাসীদিগকে, সেই দে-
শের নিবাসী সকলকে।
বহুকালাবধি, অনেকদিন
পর্য্যন্ত।
রোষান্বিত, রাগান্বিত।
নিক্ষিপ্ত, নিক্ষিত।
প্রত্যাগমনোপলক্ষে, ফি-
রে আসিবার সন্ধানে।
মহোৎসব, মহানন্দ।
অসম্মত, অস্বীকৃত।
সহকারিতা, সাহায্যতা।
ব্যাঘাত, বিঘ্ন। (হইয়াছে।
প্রেরিত, যাহা পাঠান
প্লবমান, ভাসমান।
সন্নিহিত, নিকটবর্ত্তী।
অভিভূত, অচৈতন্য।
প্রতীকারের, নিবারণের।
অনুকূল, হিতকারী।
বদ্ধ, কারাবদ্ধ।
বারংবার, পুনঃপুনঃ।

অবগত, জ্ঞাত।
ধবল প্রবাহ, শ্বেতস্রোত।
প্রবিষ্ট, নিবিষ্ট।
উপকূল, কূল।
জলদমণ্ডলের ন্যায়, মেঘ
মণ্ডলের ন্যায়। যোগ্য।
প্রতীয়মান, বিশ্বাসের
বন্দীভাব নিবন্ধন, কারা
বদ্ধ জন্য। 'জয়ে।
শোকাভিভবে, দুঃখপরা-
অসংখ্য জলনালী, অগণ-
নীয় নর্দ্দমা।
উদ্যানবৎ, বাগানের ন্যায়।
ধনিজনপরিপূরিতধন, ধন
বানের পরিপূর্ণ অর্থ।
অনুপম, অতুল্য।
হর্ম্ম্য অট্টালিকা।
সুবর্ণোপমশস্যোৎপাদন,
স্বর্ণতুল্য শস্যোৎপত্তি।
পরিণাহ স্রোত।
শোভাসম্পন্ন, শোভাযুক্ত।
অপরিমিত, অতুল্য।
প্রসব, উৎপাদন।

কৃষাণ, চাসী।
পুরস্কার, পারিতোষিক।
নিয়ত, সদাসর্ব্বদা।
কালযাপন, কালক্ষেপণ।
অসঙ্গতি, অভাব।
গ্রাম্যগাননিনাদে, গ্রাম্য জাত গানের শব্দে।
অনবরত, নিরন্তর।
রাখাল, গোপালক।
প্রতিধ্বনি, প্রতিশব্দ।
চমৎকৃত আশ্চর্য্যান্বিত।
উপকরণ, আহার সামগ্রী।
নিদানভূত, আদিকরণ।
নরপতি, রাজা।
প্রণয়ভাজন, প্রীতির পাত্র।
বিরাজমান, প্রকাশমান।
রাজকর্ম্মানুসারী, রাজধর্ম্মানুষারীক।
সুখসমৃদ্ধি সুখবৃদ্ধি।
অপত্য নির্ব্বিশেষে, সন্তানের মত।
প্রতিপালন, রক্ষা।
পরিতোষ, সন্তুষ্ট।
সিদ্ধান্ত, মীমাংসা।

জাগরূক, জাগরণ।
অগণ্য ধন্যবাদ, অসামান্য প্রশংসা।
দুর্ভেদ্য, যাহাকে দুঃখতে ভেদ করা যায় না।
স্বেচ্ছাচারী, আপনইচ্ছাতে বশীভূত।
ভয়াবহ, ভয়ঙ্কর।
অত্যাচার, অনিষ্ট।
নম্রতা, বশীভূতা। ভেকসদৃশ।
দৈবনিগ্রহ স্বরূপ, দৈবঘা-
প্রজাপীড়ক, প্রজাদিগকে যন্ত্রণা কারক। (ভ্রষ্ট
সিংহাসনচ্যুত, সিংহাসন
প্রয়োজন, আবশ্যক।
জন্মাবচ্ছিন্ন, জন্মাবধি।
অসম্ভাবিত, অত্যাশ্চর্য্য।
দৈবানুগ্রহবলে, দৈবপ্রসন্ন প্রতাপে।
নন্দনালিঙ্গনরূপ, আনন্দসহকারে কোলাকুলি।
রাজ্যশাসনযোগ্যকাল, রাজ্য দখলের উপযুক্ত সময়।

আদেশানুবর্ত্তী, আজ্ঞাবশী ভূত।
চরিতার্থ, কৃতার্থ।
অনুকম্পাশূন্য, দয়ারহিত।
বান্ধব, বন্ধুগণ।
শ্রেয়স্কর, মঙ্গল দায়ক।
বৃথা, নিষ্ফল।
বিহ্বল, অজ্ঞান।
কিঞ্চিন্মাত্র, কিছুমাত্র।
ভীত, ভয় যুক্ত।
মহাবীর, অতিশয় বলবান।
প্রতিকার চিন্তায়, উদ্ধারের ভাবনায়।
পরাঙ্মুখ, বিমুখ।
স্বচক্ষে, নিজনয়নে।
প্রত্যক্ষ, দৃষ্টি।
দুর্জ্জয়, যাহাকে দুঃখেতে জয় করাযায়।
খ্যাতি লাভ, যশোলাভ।
দুর্ভাগ্য, দুরাদৃষ্ট।
জগন্মণ্ডলে, পৃথিবীমণ্ডলে।
সৌভাগ্য, উত্তমকপাল।
অবিকৃত চিত্তে, স্থিরমনে।
ভীষণতর, অধিকভয়ানক।
অক্ষুব্ধ চিত্ত, অদুঃখিত মন।
ঈদৃশ, এই প্রকার।
প্রশান্তচিত্ততা, সহিষ্ণুতা।
তদ্দর্শনে, তাহার দর্শনে।
সাহসালম্বনের, সাহসাশ্রয়ের।
গুণসম্পন্ন, গুণযুক্ত।
মহানুভব, মহানুমান।
যশঃ, খ্যাতি।
দেদীপ্যমান, প্রকাশমান।
প্রতিকূল, বিপক্ষ।
নীত, প্রাপ্ত।
ধৈর্য্য, শান্ত।
বিরাজমানা, জাজ্জল্যমান।
শাসনপ্রণালী, দমনেরধারা।
প্রতিষ্ঠিত, স্থাপিত।
অত্যাচার, অনিষ্ট।
বিদ্যাভ্যাসের রীতি, বিদ্যালোচনার ধারা।
বশ্যতা, বশতা।
সদাচার, উত্তম ব্যবহার।
বিদ্যানুরাগ, বিদ্যাবিষয়ে ভক্তি।
নিত্য, প্রত্যহ।
ধর্ম্মনিষ্ঠ, ধর্ম্মকর্ম্মে দৃঢ়ভক্তি।

নিঃস্বার্থ, দরিদ্র।
লোকহিতৈষী, মনুষ্যের ভাল ইচ্ছা।
সম্মানাকাঙ্ক্ষা, মানেচ্ছা।
অকপটব্যবহার, সরল চরিত্র।
অন্তঃকরণ, মন।
নিয়মাবলী, বিভক্তি যুক্ত।
অনুধ্যান, চর্চা।
পরিপূর্ণ, সম্পূর্ণ।
প্রজাপালন, প্রজাপোষণ।
ধর্ম্মপরায়ণ, ধর্ম্ম কর্ম্মে তৎপর।
দয়াদাক্ষিন্য গুণে, কৃপা ও সরলতা গুণে।
সুখসমৃদ্ধি, সুখ বৃদ্ধি।
সমৃদ্ধিত, বর্দ্ধিত।
হৃদয় কন্দর, মনের স্বরূপ গুহা।
নিরন্তর, সদা সর্ব্বদা।
উর্দ্ধমতি, বৃদ্ধি।
দুরাচার, মন্দব্যবহার।
রমণীয়, মনোহর।
গুণগ্রামে, প্রশংশায়ে।
তদীয়, তাহার।
আধিপত্য, প্রভুত্ব।
অভিলাষ, ইচ্ছা।
মর্ত্ত্যতা, মরণ।
চিরজীবী, দীর্ঘজাজী।
তদগতচিৎ, সেই বিষয়ে দৃঢ়চিত্তে।
রচনপ্রবন্ধী, রচনারপ্রণালী
উৎসাহ, ভরসা।
শোভাসমৃদ্ধিসম্পন্ন, শোভাবৃদ্ধি যুক্ত।
উত্তীর্ণ, অতীত।
কুপিত, রাগান্বিত।
অতএব, এইজন্য।
প্রশ্ন, প্রস্তাব।
পরীক্ষা, সদসদ বিচার।
শতদ্বার শোভিত, একশত দরজারদ্বারাশোভাযুক্ত।
সুপ্রসিদ্ধ, সুবিখ্যাত।
পরাক্রান্ত, পরাভূত।
নিপান, পাতকুয়া।
জলনালী, নর্দ্দমা।
সুবিধ, সুউপায়।
প্রস্রবণ, ফয়ারা।

কীর্ত্তিস্তম্ভ, কর্ম্মের স্বরূপ থাম।
শিলাময়, প্রস্তরময়।
রাজভবন, রাজবাটী।
বিস্তৃত, প্রসারিত।
রজত, রৌপ্য।
নিরূপিত, নিশ্চিত, নির্দ্ধারিত
স্বয়ং, আপনি।
অভিযোগ, প্রতিযোগ, নালিশ।
রাজ্য সংক্রান্ত, রাজ্যসম্পর্কীয়।
দর্শনার্থী, দর্শন প্রয়াসী।
বিচার প্রার্থী, যে বিচার প্রার্থনা করে।
অবজ্ঞা, অবহেলা।
প্রত্যাখ্যান অপমান।
অপমানির্ব্বিশেষ, সম্মানে রমত।
আচার, ব্যবহার।
গজদন্তনির্ম্মিত, হস্তির দন্তে গঠিত।
লাবণ্য, কান্তি।
তেজস্বিতা, দীপ্তি যুক্তা।
মাধুর্য্য, মধুরত্ব।
গাম্ভীর্য্য, গম্ভীরতা।
বিচার শক্তি, বিবেচনার ক্ষমতা।
চাটুবাদ, খোসামুদে।
অপবাদ, দুর্ণাম।
শাস্ত্রানুশীলন, শাস্ত্রেরচর্চ্চা।
সদালাপ, উত্তম কথোপকথন।
গর্হিত, মন্দ।
অনুচিত, অনুপযুক্ত।
বিশ্বাসন্যাস, বিশ্বাসনিক্ষেপ।
তরুণবয়স্ক, যৌবনবয়স্ক।
করুণাসঞ্চার, কৃপাপ্রচালনা।
ঔচিত্য, উপযুক্তা।
অবরোধেরপর, কারা বন্ধের পর।
দৈববিড়ম্বনা, দৈবক্লেশ।
বন্দী, রুদ্ধ।
প্রার্থনার, বাঞ্ছার।
প্রসাদে, দয়াতে।
অবিছন্ন, কেবল।
সংসারিক, সংসারসম্বন্ধীয়।
দুর্দ্দশা, দুরাবস্থা

উদ্রেক, উদ্যোগ।
সন্দিহান সন্দিগ্ধ।
সমর্পণ, অর্পণ।
অনুরাগ, ভক্তি।
অনবগত, অজ্ঞাত।
অসাধ্যানুসারে, সাধ্যানুযায়ীক।
বিমোচন, মুক্ত।
অমায়িক, অদয়ালু।
স্বার্থপর, আপনকার্য্যে তৎপর।
কটু প্রশ্ন, কঠিন জিজ্ঞাসা।
চিত্ত বিভ্রম, মনের ভুল।
বুদ্ধিমান, জ্ঞানবান।
নিগুণেরা, মূর্খেরা।
অবমানিত, অমর্য্যাদা।
পৃথক ২, ভিন্ন ২।
বন্ধু বিয়োগ, বন্ধু বিচ্ছেদ।
বজ্রপাতবৎ, বজ্রাঘাতের ন্যায়।
বিসংবাদিতা, অনৈক্যতা।
এতদ্ব্যতিরিক্ত, ইহা বিনা।
প্রলোভিত, লোভবিশিষ্ট।
সত্যাবধারণ, নিশ্চয়করা।
উদ্দেশ্য, অভিপ্রায়।
অভিপ্রেত, মনোনিত।
প্রতিপন্ন, খ্যাতিলাভ।
সম্পত্তি, ঐশ্বর্য্য।
সাতিশয়, অত্যন্ত।
অভীষ্ট, মনোবাঞ্ছা।
বিপত্তির আস্পদ, আপত্তিরপাত্র।
প্রতারিত, বঞ্চিত।
ধূর্ত্ত, শঠ।
স্বার্থপরায়ণ, আত্মকর্ম্মে তৎপর।
বেষ্টিত, ঘেরিত।
চাটুকার খোসামুদে।
ধর্ম্মপরায়ণ, ধার্ম্মিক।
আহৃত, গুপ্ত।
স্বতঃপ্রবৃত্ত, নিজে নিযুক্ত
কদাপি, কুত্রাপি।
রাজসন্নিধানে, রাজার নিকটে।
স্বভাবতঃ, স্বাভাবিক।
নির্লজ্জ ব্রীড়াহীন।
ইন্দ্রিয়সুখপরতন্ত্র, ইন্দ্রিয়সুখতৎপর।

পরিতোষার্থ, আমোদের জন্য।
অনায়াসে অক্লেশে।
অনুক্ষণ, সর্ব্বদা।
কুপথগামী, যে কুপথে গমনকরে।
বুদ্ধিলোপ, পাগল।
নতুবা, নচেৎ।
অনিবার্য্য নিবারণের অ-যোগ্য।
প্রতিদায়িনী, প্রেমদায়িনী।
পরাঙ্মুখ, বিমুখ।
আশালতা, ইচ্ছার স্বরূপ যে লতাবৃক্ষ।
ভঙ্গনে, লঙ্ঘনে।
গোচারণ, গোরুচরাণ।
শৃঙ্গ, চূড়া।
তুহিনরাশী, হিমময়।
পরিবৃত, আবৃত।
বালুকাময়, বালীসমূহযুক্ত
অবিচ্ছিন্ন, অত্যন্ত।
গণ্ডশৈল, ভূমিকম্পাদির দ্বারা পর্ব্বত পতিত বৃহৎ-প্রস্তর, ক্ষুদ্রপর্ব্বত।

নতোন্নত, বক্রভাব বৃদ্ধি।
দুরারোহ, যাহাকে দুঃখেতে আরোহণ করিতে পারা যায়।
রবি কিরণ, সূর্য্যের জ্যোতি।
অতিবাহন, শেষ।
রজনী, রাত্রি।
অবিরত, নিরন্তর।
কোপানলে, রাগস্বরূপ অগ্নিতে।
পশুযূথ, পশুসমূহ।
বিস্মৃত, স্মৃতির বহির্ভূত।
গুহা, কন্দর।
নিরাশ্বাস, আশ্বাস রহিত।
স্বাদগ্রহ, আস্বাদন লওয়া।
অনধিকারী, প্রভুত্বরহিত।
নিশ্চল, স্থির।
সৎকার্য্য সাধনে, ধর্ম্মকর্ম্ম সম্পাদনে।
অতিক্রম, লঙ্ঘন।
উত্তরকালে, ভবিষৎসময়ে।
যশঃ শশধর, চন্দ্রেরন্যায় বিখ্যাত।

উত্তরোত্তর, ক্রমাগত।
অধিকতর, অতিশয়।
আধিপত্য, প্রভুত্ব।
স্বার্থসাধনোদ্দেশে, আত্ম কার্য্য সম্পাদন জন্য,
বাক্প্রবন্ধ, বাক্যের প্রণালীতে।
মদান্ধ, মত্ততা। (বিস্মরণ।
আত্মবিস্মৃত, আপনাকে
রোমাঞ্চিত, জাত পুলক।
প্রশান্তচিত্তে, অতিধীরমনে।
প্রত্যাদেশ, ফিরে আশা।
ক্ষিতিন্যস্তজানু, পৃথিবীতে পাতিত জানু।
কৃতাঞ্জলিপুটে জোড়হাতে
জ্ঞানালোকে, জ্ঞানের স্বরূপ দীপ্তিতে।
ঔদ্ধত্যের, দৌরাত্মের।
লাঘব, কম।
আপাততঃ এক্ষণে।
অবস্থান, বাস।
উপায়ন্তর, অন্য উপায়।
পাঠোপযোগী, পঠনের যোগ্য।

সদুক্ত, উত্তম প্রশ্ন।
সমাবৃত, আবৃত।
বিজন বাসে, নির্জন বসতিতে।
জ্ঞানোপার্জ্জনে.জ্ঞানলাভে
সময়াতিপাত, সময় নষ্ট।
আত্মবিনোদনোপায়, আত্ম জ্ঞানোপার্জ্জন।
মূঢ়মতি, মূর্খ।
অধ্যয়ন, পাঠ।
ব্যাপৃত, আচ্ছাদিত।
আলস্য, জড়তা।
ইতস্ততঃ চতুর্দ্দিক।
অকস্মাৎ, হঠাৎ।
ললাট, কপাল।
শিথিল, আলগা।
শিখরদেশে, শেষভাগে।
শ্মশ্রু, দাড়ি } পাকাদাড়ি।
ধবল, সাদা }
নাভিমণ্ডল, নাই কুণ্ড।
পর্য্যন্ত, অবধি।
অরুণবর্ণ, ঈষৎ রক্ত বর্ণ।
পৌরহিত্যকার্য্য, পুরহিতের কর্ম্ম।

বাক্প্রণালী, বাক্ প্রবন্ধ।
বর্ত্তমানেবৎ, এক্ষণকারন্যায়
প্রতীয়মান, বিশ্বাসেরযোগ্য
ভাবি ঘটনা, ভবিষ্যতে
যাহা হইবে।
বাৎসল্য, স্নেহ।
ত্বরায়. শীঘ্র।
নিরাকরণ, নিবারণ।
পুত্র, অপত্য, সন্তান।
সম্বোধন, আহ্বান।
অনুকম্পা, দয়া।
দেবানুগৃহীত, দেবতা-
দিগের অনুকম্পিত।
বাগ্দেবী, সরস্বতী, ভারতী।
বীণা, বাদ্যযন্ত্র।
মোহিত, মুগ্ধ।
বৎস্য, সন্তান।
অরণ্য বাস, বনবাস।
সংগীত, গীত, মিলিতগান।
রাজ্যতন্ত্র, রাজ্য সম্পর্কীয়
গ্রন্থ বিশেষ।
দোষস্পর্শশূন্য, দোষরহিত
বেণু. বাদ্য যন্ত্রবিশেষ।
মনোহর, যদ্দ্বারা মনকেহরে

দৈব দয়ানুগ্রহবশতঃ দৈব
দয়ার জন্য।
মুগ্ধ, মোহিত।
সমস্ত, সকল।
কুটীর, কুড়েঘর।
স্পন্দহীন, চলৎশক্তিরহিত।
আমোদিত, আহ্লাদিত।
অর্চ্চনা, ভজনা, পূজা।
কুসুমমালা, ফুলেরমালা।
আহরণ, আনয়ন।
অজা, ছাগল।
আনন্দে, কৌতুকে।
শষ্প, নূতনতৃণ।
তরুগণ, বৃক্ষসমূহ।
অট্টালিকা, ইষ্টকাদি নি-
র্ম্মিতগৃহ।
প্রতিপত্তি, সম্ভ্রম, মর্য্যাদা
পশুযূথ, পশুগণ।
ধাবমান, পশ্চাৎবর্ত্তী।
রোষাবশেষ, ক্রোধেরপর।
কেশর চুল।
বিকটাকার, ভয়ঙ্করআকৃতি।
নয়নদ্বয়, দুই চক্ষু।
মুখবিবর, মুখের ছিদ্র।

হুতাশনবৎ, অগ্নির ন্যায়।
ভূতলে, পৃথিবীতে।
বর্ম্ম, সাজোয়া।
চমৎকৃত, আশ্চর্য্যান্বিত।
বিস্ময়োৎফুল্লনয়নে, আশ্চর্য্যান্বিত চক্ষে।
উচ্চৈঃস্বরে, অত্যন্ত চীৎকার শব্দে।
দুর্দ্দান্ত, দুষ্ট।
উদ্ঘাটিত, খুলিত।
বিদ্যানুরাগী, বিদ্যাভ্যাসেতে রত।
আদর, মর্য্যাদা।
অর্থগৃধ্নু, অর্থলোভী।
প্রতারণা, চাতুরী।
আত্মসাৎ, আপনার আয়ত্ত।
অর্থলাভ, ধনপ্রাপ্ত।
লাভাকাঙ্ক্ষায়, লাভেচ্ছায়।
তোষামোদ, আমোদ আহ্লাদ। সাধন।
অনিষ্টসম্পাদন, অমঙ্গল
অবধি, পর্য্যন্ত।
পাণিগ্রহণাকাঙ্ক্ষায় বিবাহেচ্ছায়।
সাংযাত্রিক, বিদেশীয় সওদাগর।
যথোচিত, যথোপযুক্ত।
অস্থৈর্য্য, অধৈর্য্য।
বিলম্ব, গৌণ।
দুর্ভাগ্য দুরাবস্থা।
বিহ্বল অজ্ঞান।
বিলাপ, খেদ।
পরিতাপ, দুঃখ।
রোদন, ক্রন্দন।
মানবমণ্ডলীতে মানব শ্রেণীতে।
উন্মূলিত, মূলোৎপাটিত।
ক্ষেপণ, যাপন।
বিয়োগ, বিচ্ছেদ।
অন্ত্যেষ্টি, সৎকার।
অনবরত, ক্রমাগত।
উৎসুক, উৎসাহশীল।
বিষম, দুষ্কর।
দুর্ঘটনার, দুর্দ্দশার।
বিষাদ, মনস্তাপ।
রক্ষাকর্ত্তা পালনকর্ত্তা।
সমাধিমন্দিরে, বিনাশগৃহে।
নিহিত, দণ্ড দিবার।

অভ্যাগত, অতিথি।
কীর্ত্তিলাভ, যশোলাভ।
সর্ব্বগুণযুক্ত, সকল গুণা-লঙ্কৃত।
নির্গুণ, মূঢ়।
পরিতুষ্ট, সন্তুষ্ট।
আয়াস, যত্ন।
অপরিমেয় অধিক।
সম্পত্তি, ধন-অর্থ।
সঞ্চয়, সংগ্রহ।
নিঃশেষিত, সম্পূর্ণ।
প্রজাপীড়ন, প্রজাদিগের দুঃখ দেওন।
অপব্যয়, অকার্য্যে অর্থ ব্যয়।
অনাহারে, নিরাহারে।
নিশি রাত্রি।
বিশ্বস্ত, বিশ্বাসের যোগ্য।
সুবিজ্ঞ, বিদ্বান।
উশৃঙ্খল, অবাধ্য।
পরামর্শানুসারে, পরামর্শানুযায়ীক।
কুক্রিয়া কুকর্ম্ম।
অত্যাচার, অনিষ্ট।
আর্ত্তনাদ, দুঃখেরশব্দ।
বিনাশ, ধ্বংশ।
কুলাঙ্গার, কুলকণ্টক।
উচ্ছিন্ন, উচ্ছন্ন, নষ্ট প্রাপ্ত
কারাবাস, বন্দিশালায় বাস।
উপায়ান্তর, অন্যকৌশল
সময়াতিপাত, সময় নষ্ট।
তরঙ্গমালা, স্রোতসমূহ।
উত্তাল, উৎকট।
অবলোকন, দর্শন।
বাত্যাভিহত, বায়ুদ্বারা আঘাতিত।
পর্য্যাবসান, সর্ব্বতোভাবে শেষ।
নির্ব্বিঘ্নে, নিরাপদে।
বঞ্চিত, রহিত।
ক্ষেপণীক্ষেপণে, হালক্ষেপে-হালক্ষিপ্ত।
সাগরবারি, সমুদ্রের জল।
ফেণিল, ফেণাযুক্ত।
উৎসুকচিত্তে, উৎসাহশীল মনে, সচেষ্টিত মনে।
কতিপয়, কতকগুলিন।

বিদ্যাসংক্রান্ত, বিদ্যাসম্পা-
কীয়।
তদ্বিপক্ষ, তার বিরুদ্ধ।
অবিবেকতা, অবিবেচক।
অত্যাচার, দৌরাত্ম্য।
অভ্যুত্থান, রাজবিদ্রোহ।
অবগাহণ, স্নান।
সমভিব্যাহারে, সঙ্গে।
ঘণীভূত, অত্যন্তঘণ।
দৃঢকায়, শক্তিবান।
ক্রোধানল, ক্রোধাগ্নি।
নির্ভীতা, অবিবেচনা।
ব্যুহের, সৈন্যবিন্যাসের।
অভ্যন্তর, মধ্যবর্ত্তী।
সহকারে, সাহায্যে।
তদনুযায়ী, তারউপযুক্ত।
অভিজ্ঞতা, জ্ঞানশক্তি।
বিবেচকশক্তি, বিবেচনার
শক্তি।
যোদ্ধৃবর্গকে, যোদ্ধাসমূহ
কে।
সন্নিবেশ, প্রবেশ।
বিপক্ষব্যূহে, বিপক্ষ সৈন্য
সকলে।

আত্মরক্ষার্থ, আপনাকে
রক্ষাকরিবার জন্য।
অনুরূপ, প্রতিরূপ।
প্রতিকার, উপকার।
তোষামোদ, আমোদ আ-
হ্লাদ।
ঐশ্বর্য্যমদেমত্ত, ধনেরস্বরূপ
মদেতে রত।
অধীন, বশীভূত।
অণুমাত্র, কিছুমাত্র।
পশুবৎ, পশুরন্যায়।
ঘৃণাস্পদ, ঘৃণারপাত্র।
গর্হিতকার্য্যের, মন্দকর্ম্মের
অনুষ্ঠান, আরম্ভ।
হরণ, যাপন।
সৈনিক, সেনাসম্বন্ধীয়।
বিদীর্ণ, প্রভেদ।
বাণাহত, বাণাঘাতে নষ্ট।
অশ্বরশ্মি, ঘোটকের রজ্জু।
ভূতলে, ভূমিতে।
প্রত্যক্ষবৎ, দর্শনের ন্যায়।
বিশ্রী, কদাকার।
বিবর্ণ, বিপরীত রং। [ক্য।
অর্দ্ধোচ্চারিত, অর্দ্ধস্পষ্ট বা

ব্যাদান, মুখোত্তলন।
জীবনাপগমে, প্রাণলইয়া পলাইবারে।
পরিমাণ, সংখ্যা, মাপ।
দৈবনিগ্রহ, দৈবশাসন।

তৃতীয় সর্গ।

উদ্ধত স্বভাব বশতঃ, নষ্ট চরিত্র জন্য।
স্বেচ্ছানুগত, স্বেচ্ছাধীন।
অনর্থ, মিথ্যা।
তদ্বিষয়ে সেই ব্যাপারে।
মহানুভাবতার, মহাত্মার।
অলঙ্কৃত, ভূষিত।
ভূয়সী, যথেষ্ঠ।
পলায়ন, প্রস্থান।
ভগ্নোৎসাহ, উৎসাহভগ্ন।
অগত্যা, সুতরাং।
অভিসিক্ত, পদস্থ।
দৃষ্টিপথাতীত, দর্শন পথের বহির্ভূত।
নাভোমণ্ডলের, আকাশ মণ্ডলের।
নির্ম্মলতা পরিষ্কারতা।
পোতাধ্যক্ষ, জাহাজের প্রধান।
বাস, বাসস্থান।
উদ্যোগী, আরম্ভকারী।
দৈববিড়ম্বনায়, দৈবঘটনায়
কুত্রাপি, কদাচ।
সংক্রান্ত, সম্পর্কীয়।
আজ্ঞাধীন, আজ্ঞারবর্ত্তী-ভূত।
অমায়িক, অদয়ালু।
অনুকম্পার, দয়ার।
বিশ্বস্ত, বিশ্বাসের পাত্র।
আলাপ, কথোপকথন।
উদার, মুক্ত।
অন্তর্ভূত, অন্তঃপাতি।

প্রত্যয়, বিশ্বাস।
হিতকর, মঙ্গলদায়ক।
প্রত্যুপকার, উপকার করিলে পর উপকার করা।
রহস্যোদ্ভেদন করিত, গোপনীয় কথা প্রকাশ করিত।
কৃতকার্য্য, সফল।
নিষ্প্রয়োজন, নিরাবশ্যক।
চিবুক, দাড়ি।
শৈশবকালে, বাল্যবস্থাতে।
কালগ্রাসে, যমেরগ্রাসে।
প্রেমাস্পদ, প্রেমের পাত্র।
ন্যস্ত, গচ্ছিত।
কুপ্রবৃত্তি, মন্দ কর্ম্মেনিযুক্ত।
কুসংস্কার, মন্দবিষয়কজ্ঞান।
কর্ণকুহরে প্রবিষ্ট হইতে দিবেনা, শ্রবণ করিতে দিবে না।
অভিনব, নূতন।
সরলভাবাপন্ন, নির্ম্মল।
নিয়ত, সদাসর্ব্বদা।
অযোগ্য, অনুপযুক্ত।
অসমর্থ, অপারগ।
তৎকালে, সেই সময়ে।
তাৎপর্য্যগ্রহ, ভাবগ্রহণ।
মেধাবী, বুদ্ধিবান।
মুহূর্ত্ত, দুইদণ্ড।
অনুক্ষণ, নিয়ত।
জাগরূক, জাগরণ।
ব্যুৎপন্ন, সংস্কার।
অপরিণামদর্শী, অবিজ্ঞ।
রক্ষণাবেক্ষণ, রক্ষা।
অচলমতি, স্থিরবুদ্ধি।
হিতাহিত, ভালমন্দ।
বিশ্বাস ভাজন, বিশ্বাসের পাত্র।
বিবাহার্থী, বিবাহ করিতে যে ইচ্ছা করে।
নির্বাসিত, বহিস্কৃত।
উদ্ভাবন, উঠন।
তদবধি, সেই পর্য্যন্ত।
সতত, সর্ব্বদা।
সাবধান, সতর্ক।
চপল স্বভাব, চঞ্চলচরিত্র।
অসাবধান, অসতর্ক।
আশয়, ইচ্ছা।

উত্তর প্রদান, প্রতিবাক্য দেওয়া।
নিপুণ, পটু।
বিফল, নিষ্ফল।
অসাধারণ, অসামান্য।
বিক্রমশালী, বলবান।
পার্শ্ববর্ত্তী, পার্শ্বস্থিত।
অপরিমেয়, যথেষ্ট।
সামুদ্রিক, সমুদ্রসম্বন্ধীয়।
সঙ্গাম, যুদ্ধ।
পরাজিত, হারিত, বশীভূত।
অক্ষুব্ধচিত্তে, আনন্দিত মনে।
ত্বরায়, শীঘ্র।
পুনরুদ্ধার, পুনরায় মুক্ত।
উৎকৃষ্ট, উত্তম।
দুর্দ্ধর্ষ, দুর্দ্দান্ত।
বিরহিত, রহিত।
ভীষণতা, ভয়ঙ্করতা।
বিধানার্থ, ব্যবস্থার জন্য।
উৎকর্ষ্য, আতিশয্য।
বর্দ্ধন বৃদ্ধি।
নিয়ত, সর্ব্বদা।
দাসবৎ, ভৃত্যের ন্যায়।
বিদ্বেষ, বৈরিতা।
বিষম, উৎকট।
দূষিত, দোষ প্রাপ্ত।
সূত্রপাত, স্থল।
ধনতৃষ্ণা, ধনেচ্ছ।
ঘৃণাস্পদ, ঘৃণার পাত্র।
অপরাধ, দোষ।
অর্থগৃধ্নুতা, অর্থলোভী।
ঈর্ষী, হিংসাযুক্ত।
সন্দিগ্ধচিত্ত, সংসয়যুক্ত মন।
উৎপীড়ন, যাতনা।
অপরাধ কারণ, দোষের জন্য।
উদ্ভূত, উৎপাত।
অতুল, অনেক।
মূলীভূত আদিকারণ।
অনুতাপ মনস্তাপ।
তরবারি, তরোআল।
ভবনের, বাটির।
অর্গল, দ্বার।
সাংসারিক, সংসার সম্বন্ধীয়। মনে।
শঙ্কাকুলচিত্তে, ভয়াকুল

ইতস্ততঃ, চতুর্দ্দিক।
কর্ণ গুহরে, কর্ণের ছিদ্রে।
চকিত, ভীত।
শীর্ণ, জীর্ণ।
পাণ্ডুর, শুক্লবর্ণ।
চিন্তাতিমিরে, চিন্তার স্বরূপ অন্ধকারে।
আর্ত্তনাদ, দুঃখের শব্দ।
সামগ্রী, বস্তু।
ঘোরতর, অত্যন্ত।
অন্তর্দাহ, শরীরমধ্যেজলন।
উপাদেয়, উত্তম।
বিস্বাদ, স্বাদরহিত, বিতার।
ত্রাসজনক, ভয়ঙ্কর।
বিপন্ন, দুদ্দশাগ্রস্ত।
প্রতীতি, বিশ্বাস।
বিনষ্ট, নষ্ট।
সাধন, সম্পন্ন।
দুর্দ্দান্ত, দুষ্ট।
ঘটুক, হউক।
নিষ্ক্রয়, বেতন।
অসীম, অপার।
মেষপালক, মেষরক্ষক।
পর্য্যাপ্ত, যথেষ্ট।

নিষ্প্রয়োজন, নিরাবশ্যক।
আপাততঃ, এক্ষণে।
দুর্দ্দম, যাহাকে দুঃখেতে দমন করিতে পারাযায়।
ধনলিপ্সায়, ধনেচ্ছায়।
অবতীর্ণ, প্রকাশ।
আধিপত্য, প্রভুত্ব।
প্রহর্ত্তা, প্রহারক, হন্তা।
তর্কবিতর্ক, বিতণ্ডা।
ভীতান্তঃকরণে, ভয়যুক্ত মনে।
প্রাসাদ, অট্টালিকা।
সদাশয়, সতেচ্ছা।
আশঙ্কায়ে, ভয়ে।
সাহার্য্যার্থে, সাহর্য্যে জন্যে।
প্রতারক, প্রবঞ্চক।
ধার্ম্মিক কেশধারী, ধার্ম্মিকের ভূষাধারী।
পাপাসক্ত, পাপেতেরত।
অপকর্ম্ম, মন্দকার্য্য।
ছদ্মবেশী, ছলবেশধারী।
কীর্ত্তন, পৌণ পুণ্যকথিত।
উৎসুক, উদ্যোগী, সচেষ্ট।
রীতিবর্ত্ম, ধর্ম্মের রাস্তা।

অবগত, জ্ঞাত।
তথাকার, সেই স্থানকার।
উর্ব্বরা, সর্ব্বসশ্যোৎপাদন ভূমি।
ফলভর নমিত, ফলভরেতে নত।
অপূর্ব্ব, আশ্চর্য্য।
স্বাস্থ্যজনক, সুখজনক।
সন্নিহিত, নিকট বর্ত্তী।
গর্ভোত্থিত, পেট হইতে উত্থিত
চিরন্তন, বহুকালিক।
তুহিন, হিম।
ধবলিত, শ্বেতবর্ণ।
বিদীর্ণ, প্রভেদ।
উদ্যত, প্রস্তুত।
নিবিড়, ঘন।
অনবরত, নিরন্তর, সদাস-
উদ্যান, বাগান। (র্ব্বদা।
বিরাজমান, প্রকাশ্যমান।
অনতিদূরে, নিকটে।
স্বতন্ত্র, ভিন্ন।
অর্ণবশাখা, সমুদ্রেরশাখা।
অবলোকিত, দর্শিত।

অশেষবিশেষ,নানাপ্রকার।
রঞ্জিত, শোভিত।
সজীব, জীবিত।
অবিতৃপ্ত, সন্তুষ্ট।
উর্ণা, পশম।
তদনন্তর, তারপর।
ধনহরণ, অর্থোপার্জ্জন।
মহাভীষণ, অত্যন্ত ভয়ঙ্কর।
শিল্পনিপুণ, শিল্পকর্ম্মে পটু।
সংযম, বৈধক্রিয়ার পূর্ব্বদিনের নিয়ম।
মিতব্যয়িতা, পরিমিতব্যয়
সুখাসক্ত, সুখেতেরত।
অতঃপর, তারপর।
দেশান্তর্গত, অন্যদেশ হইতে আগত।
ব্যতিক্রম, ব্যত্যয়, অন্যথা।
বিলুপ্ত, লুপ্ত।
সমুচিত, উচিত।
কৃতার্থ, সফল।
প্রতিবিধান, ব্যবস্থা।

বাণিজ্য, ক্রয় বিক্রয়।
ক্লেশদায়ক, ক্লেশজনক।
প্রতিপালন, রক্ষণাবেক্ষণ।
যথোচিত, যাউচিত।
অনবধান, অমনোযোগী।
অপব্যয় প্রবণতা, অপকর্ম্মে নিপুণতা।
সমুচিত, উচিত।
প্রকারান্তর, অন্য প্রকার।
ধনাগম, ধন আসা।
প্রস্রবণ, জলপড়া।
প্রলোভিত, লালসাযুক্ত।
সুবিধা, সুযোগ।
সুচারুরূপে, উত্তমরূপে।
বাণিজ্যকার্য্য, বণিকের কর্ম্ম।
প্রিয় সুহৃদ, প্রিয়বন্ধু।
আগন্তুক, হঠাৎউপস্থিত।
প্রথা, নিয়ম।
দূরদেশাগত, দূরদেশ হইতে আগম।
ব্যবসায়ের প্রকার, বাণিজ্যের প্রথা।
ঘটাইয়া, বাধিয়া।

শুল্ক, মাশুল।
বিস্তর, অত্যন্ত।
সংস্রবে, সংসর্গে, সংযোগে।
হ্রাস, ন্যূন।
পরিত্যাগ, ত্যাগ।
অনর্থকর, মিথ্যা সব।
অহিতাচরণে অনিষ্টপাতে।
বিরত, ক্ষান্ত।
নীতিপরায়ণ, ধর্ম্মকর্ম্মে তৎপর।
প্রতিপত্তি, যশঃ।
ক্ষমতা, শক্তি।
অপহরণ, চুরি।
অজ্ঞ, মূর্খ।
অভিলাষ, ইচ্ছা।
অরণ্য, বন।
নির্ম্মাণোপযোগী, গঠনের জন্য।
বহুসংখ্যক, অনেক।
নৈপুণ্য, নিপুণতা।
সম্যক্‌রূপে-সম্পূর্ণরূপে।
পুরস্কৃত, পারিতোষিকের যোগ্য।

উৎকর্ষ, প্রধানত্ব।
রেখাগণিতবেত্তা, রেখা-দ্বারা কার্যজ্ঞান।
জ্যোতির্ব্বিৎ, জ্যোতিশাস্ত্রে পণ্ডিত।
সাধুবাদ, মঙ্গলাচরণ।
অসীম, অপার।
সূত্রধর, ছুঁতর।
প্রচুর, যথেষ্ঠ।
পরিপক্ক, নিপুণ।
দেশান্তরে, অন্যদেশে।
তত্ত্বানুসন্ধান, যথার্থান্বেষণ।
নিরূপিত, নিশ্চিত।
কতিপয়, কতকগুলিন।
স্বকার্য্য, আত্মকর্ম্ম।
নির্ব্বাহ, সম্পন্ন।
স্বচ্ছন্দে, সুখে।
জীবনপাত, মৃত্যু।
অবসর, বিরাম।
প্রচণ্ড, ভয়ঙ্কর।
বাত্যা, ঝড়।
তুচ্ছীকরণে, অবহেলাক-
প্রসারণে, বিস্তারে। রণে।

প্রবৃত্ত, নিযুক্ত।
পণ্যশালা, পাণ্ডারঘর।
শাস্ত্রাগার, শাস্ত্রেরভাণ্ডার।
প্রয়োজনোপযোগী, প্রয়োজনের যোগ্য।
বিস্মিত, আশ্চর্য্যান্বিত।
সুতরাং, কাজে২।
প্রস্থান, পলায়ন।
উৎকণ্ঠিত, ব্যাকুলিত।
বিদিত, জ্ঞাত।
রাজকীয়, রাজাসম্পর্কীয়।
চরেরা, দূতেরা।
অন্বেষণার্থে, অনুসন্ধানের জন্যে।
নিবিষ্টচিত্তে, মনোযোগে।
কথোপকথন, কথাবার্ত্তা।
ভিন্নদেশীয়, অন্যদেশীয়।
কৃত, কৃতআক্রমণ।
অণুমাত্র, কিঞ্চুমাত্র।
ত্রুটি, হানি, ব্যতিক্রম।
অযত্ন, যত্ন রহিত।
প্রকাশ, প্রচার।
বিজ্ঞাপিত, জানিত।

তদ্বিষয়ে, সেই বিষয়ে।
পথাতীত, পথোত্তীর্ণ।
অহর্নিশ, দিবারাত্র।
প্রভাবে, প্রতাপে।
পরিত্রাণ, মুক্ত।
অন্তর্গত, মধ্যগত।
পোষকতা, সাহায্যকারিতা।
অনুসন্ধান, অন্বেষণ।
এতদ্ব্যতিরিক্ত, ইহা বিনা।
রক্ষার, ত্রাণ পাইবার।
উপায়, গতি।
বিপদগ্রস্ত, আপদে পতিত।
প্রাণান্তেও, মরে গেলেও।
পরিগণিত, গণনারযোগ্য।
সরলতা, সাধুতা, নির্ম্মলতা
সত্যনিষ্ঠ, সত্যেতে দৃঢ়ভক্তি।
অভিমত, মনোনীত।
অনিষ্ট, মন্দ।
দূষণীয়, নিন্দনীয়।
অনিষ্টোৎপাদন, অমঙ্গলোদ্ভব।
নিরপরাধি, নির্দ্দোষী।
ঘোরতর, ভয়ঙ্কর।
দুষ্কর্ম্ম, কুকার্য্য।

সত্যনিষ্ট, সত্যেতে তৎপর।
অতিক্রম, অন্যথাচরণ।
প্রমাণ, সাক্ষী।
পরিগৃহীত, স্বীকৃত।
প্রতিপন্ন, মান্য।
স্বতঃসিদ্ধ, আপনা হইতে সফল।
সাধুবিগর্হিত, সৎলোকের নিষিদ্ধ।
ঘৃণিত, ঘৃণাযুক্ত।
সদসদ্বিবেচনা, ভাল মন্দ বিচার।
অসন্তুষ্ট, রাগত।
অনুতাপানলে, দুঃখের স্বরূপ অগ্নিতে।
আন্তরিক, মনোমধ্যে।
বিদ্বেষ, বিশেষরূপে পর হিংসা।
অন্ততঃ, শেষ।
অনুভব, অনুমান।
অতিবাহন, যাপন।
জন্মাবধি, জন্মপর্য্যন্ত।
বাদানুবাদ, তর্ক বিতর্ক।
অলৌকিক, আশ্চর্য্য।

সন্দেশ, সংবাদ।
রূপলাবণ্যবতী. কান্তিপুঞ্জা।
প্রেয়সী, নারী।
প্রসন্নবদনা, দয়ামুখী।
চিত্তাকর্ষণ, মনহরণ।
কমনীয়, মনোহর।
ক্রূর প্রকৃতি, নিষ্ঠুর স্বভাব।
কুস্বভাব, মন্দ চরিত্র।
গোপন, গুপ্ত।
নবযৌবন, নবীনযুবা।
শ্রুতিসুখবাহ, কর্ণসুখবাহ।
প্রণয়পাশবদ্ধ, প্রীতিরস্বরূপ জালেতে আবদ্ধ।
অনুরক্ত, ভক্ত।
বাস্তবিক, বস্তুতঃ।
সহবাসসুখবিলাস, একত্রে সুখেতে বাস করিবারেচ্ছা।
নরাধমের, অধম লোকের।
সহবাস, একত্রেতে বসতি।
চিন্তান্বিত, ভাবান্বিত।
সুকুমার, উত্তম সন্তান।
সুখভোগযুক্ত, সুখভোগেতে রত।
সমাধান, সম্পূর্ণ।
কেশগজ্জন, চুলআঁচড়ান।
সুগন্ধলেপন, উত্তম গন্ধদ্রব্য মাখন।
আদিরসঘটিতগান, আদিরস যুক্ত গীত।
প্রেমানুরাগী, প্রেম নুরক্ত।
প্রত্যাখ্যান, নিরাকরণ।
অভিলষিত, বাঞ্ছিত।
বৈদেশিক, বিদেশীয়।
অন্যায়, ন্যায়রহিত।
রাজকীয় নৃপ সম্বন্ধীয়।
কারাগার, বন্দিশালা।
প্রকৃত, যথার্থ।
গোচরে, সাক্ষাতে।
হৃদয়কন্দর, মনের গুহা।
উচ্ছলিত, উত্থিত।
সত্য পালন, সত্যরক্ষা।
জীবন বিসর্জ্জনে, মৃত্যুতে।
ইন্দ্রিয়সেবাপরতন্ত্র, ইন্দ্রিয়েরবশীভূত।
পুলকিত, আমোদিত।
ধ্বংশ, নষ্ট।
জননীকে, মাতাকে।

নয়নযুগল, দুইচক্ষু।
চরিতার্থ, কৃতার্থ।
স্বসদৃশ, আপনারতুল্য।
অসীম, অপার।
আসক্ত, রত।
প্লাবিত, ডুবিত।
সজল, জলসহিত।
অবলোকন, দর্শন।
অনিচ্ছা, অসম্মত।
অর্ণবযান, জাহাজ।
অন্তরিত, দূরীভূত।
নিরীক্ষণ, দর্শন।
দৃষ্টিপথাতীত, দর্শন পথের উত্তীর্ণ।

ভিনু সর্গটেলিমেকসের শব্দার্থ সমাপ্ত হইল।

পাঠমালা।

জীবন চরিত্র।

বলণ্টিন জামিরে ডুবাল।

শব্দ	অর্থ
মহানুভব,	মহাত্মা।
অন্তর্ব্বর্ত্তী,	মধ্যবর্ত্তী।
দরিদ্র,	দুঃখী।
সামান্যরূপ,	অল্পবিস্তর।
অবলম্বন,	আশ্রয়।
যথা কথঞ্চিৎ,	যৎসামান্য।
ভরণ পোষণ,	প্রতিপালন।
নির্ব্বাহ,	সাধন।
পরলোকযাত্রাকরেন,	মরে যান।
উপায়,	কৌশল।
সুতরাং,	কাজে২।
দুরবস্থায়	দুর্দ্দশায়।
মহীয়সী,	অত্যন্ত।
উৎসাহ শীলতা,	উৎসাহ-বিশিষ্ট।

শব্দ	অর্থ
অবিচলিত,	স্থির।
প্রভাবে,	প্রতাপে।
সমস্ত,	সকল।
প্রতিবন্ধক,	বাঁধা।
অতিক্রম,	লঙ্ঘন।
অসাধারণ,	অসামান্য।
বিদ্যোপার্জ্জনাদি,	বিদ্যা-লাভাদি।
মনুষ্য মণ্ডলীতে,	মনুষ্য শ্রেণীতে।
অগ্রগণ্য,	সর্ব্বপ্রধান।
পেরুশাবক,	পেরুনামক পক্ষির বাচ্ছা।
রক্ষণাবেক্ষণ,	সতর্কেতে রাখিবার জন্য।
বালস্বভাব সুলভ,	কার্য্যানভিজ্ঞস্বভাব।

গর্হিতাচার, মন্দব্যাবহার।
দূষিত, দোষযুক্ত।
দুঃসহ, অতিশয়।
হেমন্ত, অগ্রহায়ণ এবং পৌষ মাস।
উপক্রমে, আরম্ভে।
প্রস্থান, পলায়ন।
বিষম, উৎকট।
আক্রান্ত, জড়ীভূত।
আশ্রয়, অবলম্বন।
অকালে কালগ্রাসে পতিত হইবার, মরেযাইবার।
অসম্ভাবনাছিল না, সম্ভব ছিল।
ভাগ্যক্রমে, অদৃষ্টবলে।
তাদৃশ, সেই প্রকার।
দশা, অবস্থা।
দয়াদ্র চিত্তে, সাতিশয় দুঃখ যুক্ত মনে।
মেষপুরিষরাশী, ভেড়ার বিষ্ঠা সমূহ।
ব্যতিরিক্ত, বিনা।
অন্যবিধ, অন্যপ্রকার।
শয্যায়, বিছানায়।
যাবৎ, যে পর্য্যন্ত।
পীড়োপশম, পীড়ারশান্তি।
আকণ্ঠ, গলদেশ পর্য্যন্ত।
কদর্য্য, কুৎসিৎ।
পথ্য, রোগির যথাবিহিত আহার।
শুশ্রূষাতে, সেবাতে।
সৌভাগ্য ক্রমে, উত্তম ভাগ্যবলে।
যাজ্ঞকের, যাধ্গাকারীর।
অবস্থিতি, বাসস্থান।
ভূয়সী, যথেষ্ঠ।
সম্পাদন, নিষ্পাদন।
স্বভাবতঃ, স্বাভাবিক।
অনুসন্ধিৎসু, অনুসন্ধানেচ্ছুক।
শৈশবকালে, বাল্যাবস্থাতে।
প্রভৃতি, ইত্যাদি।
অনেকবিধ, নানা প্রকার।
সংগ্রহ, সঞ্চয়
প্রতিবেশী, প্রতিবাসী।
তাৎপর্য্য, অভিপ্রায়।
এবং বিধ, এইপ্রকার।
প্রশ্ন, জিজ্ঞাসা।

সন্তোষজনক, সুখদায়ক।
বাহুল্যমাত্র, বেশীর ভাগ।
সামান্য বুদ্ধি, যৎকিঞ্চিৎ জ্ঞান।
প্রাকৃত, প্রকৃতসম্বন্ধীয়।
উন্মাদ, ক্ষিপ্ত।
অবলোকন, দর্শন।
প্রতিমূর্ত্তিতে, আকৃতিতে।
অলঙ্কৃত, ভূষিত।
এপর্য্যন্ত, এই সময়াবধি।
পরিচয়, বিশেষ জ্ঞাত।
বিন্দ বিসর্গ, কিছুমাত্র।
অনুধাবন, অনুসন্ধান।
তত্তদ্বিষয়ে, সেই সকল ব্যাপারে।
কৌতুহলাক্রান্ত, আনন্দ যুক্ত।
একান্ত, নিতান্ত।
ব্যগ্রচিত্ত, উৎকণ্ঠিতমন।
সমক্ষে, সাক্ষাতে।
স্বীয়, আপনার।
সহচরকে, সঙ্গীকে।
বারংবার, পুনঃপুনঃ।
অনুরোধ, প্রতিরোধ।

বাসনা, ইচ্ছা।
পর্ণ, সফল।
ফলতঃ, বস্তুতঃ।
বিষাদ, বিমর্ষ।
যৎপরোনাস্তি, যারপরনাই নাই।
ক্ষোভ, মনস্তাপ।
এতাদৃশ, এই প্রকার।
ক্ষুণ্ন, শোকযুক্ত।
প্রতিজ্ঞা, পণ।
অধ্যবসায়ারূঢ়, যত্নাশয়া রোহণ।
প্রাণপণে, বহুকষ্টে।
অসম্ভব, যাহা সম্ভবহয়না।
অভিপ্রেত, মনোনীত।
সিদ্ধ, সফল।
ঘটনাক্রমে, দৈবাৎ।
জ্যোতিশ্চক্রের, রাশিচক্রের।
দ্বাদশরাশি, মেষ, বৃষ, মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা, বিছা, ধনু, মকর, কুম্ভ, মীন।
অনায়াসেই, অক্লেশেই।
স্থির, নিশ্চয়, নিরূপণ।

আকাশ মণ্ডল স্থিত, যাহা গগণ মার্গে আছে।
প্রতিমূর্ত্তি আকৃতি।
সন্দেহ, সংশয়।
প্রত্যক্ষ উত্তম রূপেদর্শন।
নভোমণ্ডল, আকাশমণ্ডল।
অন্তকরণে, মনে।
দৃঢ় প্রত্যয়, গাঢ় বিশ্বাস।
যাবৎ, যে পর্য্যন্ত।
ক্ষান্ত, ক্ষমান্বিত।
কিয়ৎ দিবসের পর, কিছু দিনের পর।
একদা, এক সময়ে।
মুদ্রাযন্ত্রালয়ের, ছাপাখানার।
গবাক্ষের, জানেলার।
ভূগোল, পৃথিবীর আকৃত্যাদি বিবরণ ঘটিত গ্রন্থ।
পূর্ব্বদৃষ্ট, যাহা পূর্ব্বে দেখা হইয়াছে।
অপেক্ষায়, উপেক্ষায়।
উপাদেয়, উত্তম।
তৎক্ষণাৎ অবিলম্বে।
অবসর, অবকাশ।
অনন্যমনা, অন্যমনস্করহিত।
অনন্য কর্ম্মা, অন্যকর্ম্ম রহিত।
সার্দ্ধক্রোশ, দেড়ক্রোশ।
অতিক্রম, অতীত, লঙ্ঘন।
ভূচিত্র, মানচিত্র।
অন্তর, শেষ।
লক্ষ্য, লক্ষণার দ্বারা বোধ্য।
সিদ্ধান্ত যুক্তিসিদ্ধ।
অভিনিবেশ, মনোযোগ।
সূক্ষ্মাণুসূক্ষ্মরূপে, সাতিশয় সূক্ষ্মতররূপে।
সংজ্ঞা, জ্ঞান।
মর্ম্মগ্রহ, তাৎপর্য্য গ্রহণ।
গাঢ়তর, সাতিশয়।
অনুরাগ, ভক্তি।
সহকারে, সাহায্যে।
অধ্যয়ন, পাঠ।
অন্যান্য, অপরাপর।
ব্যাঘাত, বিঘ্ন।
বিজন, নির্জ্জন।
স্থান লাভের নিমিত্ত, স্থান প্রাপ্তির জন্য।

উৎসুক, উৎকণ্ঠিত।
আশ্রম, গৃহ।
সঙ্কল্প, প্রবৃত্তি।
তত্রত্য, সেই স্থান স্থিত।
অনুবর্ত্তী, পশ্চাদ্বর্ত্তী।
কিঞ্চিৎ২, কিছু ২।
মনোনিবেশ, মনোযোগ।
অনুগ্রহ কৃপা।
প্রার্থিত, যাচিত।
অনতিচিরকালমধ্যেই, অল্পকাল মধ্যেই।
কর্তৃপক্ষীয়েরা, প্রধানদলেরা।
পাদন ক্রোশ অন্তরে, তিন পোয়া পথের পরে।
তাথায় সেইস্থানে।
সাধ্যানুসারে, শক্ত্যনুযায়ীক।
ক্ষোভ, মনস্তাপ।
অনুরোধ পত্রসমেত, অবরোধ পত্রের সহিত।
তপস্বীদিগের, তাপস সকলের।
আজীবন স্বরূপ, জীবন পর্য্যন্তের ন্যায়।
ধেনু, গো।
রক্ষণাবেক্ষণের ভার, প্রতিপালনের ভার।
ডুবালঅপেক্ষা অজ্ঞ ছিলেন, ডুবলের চেও মূর্খ ছিলেন।
কতকগুলিন, কিছু।
অনুমতি, আজ্ঞা।
আশ্রমদর্শনাগতব্যক্তিগণের গৃহদর্শনার্থী লোক সমূহের।
অর্থ, ধন।
ব্যয়, খরচ।
এইস্থলেবিস্তরব্যাঘাত সত্ত্বেও, এই স্থানেসাতিশয় বিঘ্ন থাকিলেও।
উৎক্রোশপক্ষী, বাজপক্ষী।
লাঙ্গুলদ্বয়োপলক্ষিত, দুই ন্যাজাশ্রিত।
কেশরী, সিংহী।
বিকটাকার, ভয়ঙ্কর আকৃতি।
অদ্ভুত, আশ্চর্য্য।
নিরীক্ষণ, দর্শন।

পৃথিবীতে, মেদিনীতে।
জীব, প্রাণী।
শ্রবণ মাত্র, শুনিবামাত্র।
অতিসত্বর, অতিশীঘ্র।
অবিলম্বে, ত্বরায়ে।
তদ্বিষয়ে, সেই ব্যাপারে।
বিশেষজ্ঞ, উত্তমজ্ঞানী।
জ্যোতির্ব্বিদ্যা, জ্যোতিষ্ শাস্ত্র।
ভূগোল বৃত্তান্ত, পৃথিবী সম্বন্ধীয় বিবরণ।
অধ্যয়নে, পাঠে।
অনুরক্ত, রত।
সন্নিহিত, নিকটস্থ।
বিপিন, বন।
নির্জ্জন প্রদেশে, জনহীন স্থানে।
অন্বেষণ, অনুসন্ধান।
তথায়, সেই স্থানে।
অবস্থিত হইয়া, বসিয়া।
নির্ম্মল, মলহীন।
নিদাঘ রজনীতে, গ্রীষ্মকালের রাত্রিতে।
অধিকাংশ, অধিক।
পর্য্যবেক্ষায়, সর্ব্বতো ভাবে দর্শনে।
যাপন, ক্ষেপণ।
মস্তকোপরি, শিরোপরি।
পরিশোভামান, সাতিশয় শোভাযুক্ত।
মৌক্তিকময়, মুক্তাসদৃশ সমূহ [তারা সমূহ)।
নভোমণ্ডলের, আকাশের।
মনরথের, বাসনার।
ঘটিতে পারে, হইতে পারে।
জ্যোতির্গনের, জ্যোতিষ বিষয়ক পণ্ডিত সকলের।
বিশিষ্টরূপে, উত্তমপ্রকারে।
বাসনার, ইচ্ছায়।
অত্যুন্নত, অতিশয় উচ্চ।
গুকবৃক্ষোপরি, গুকগাছের উপরে।
বন্য দ্রাক্ষা, বুনোদ্রাক্ষ।
উলোশাখার, উলোগাছের ডালে।
পরস্পর, উভয়ে।
সংযোজনাকারিরা, মিলাইয়া

সারসকুলায়সন্নিভ, সারস পক্ষির বাসার নিকট।
নির্ম্মান, গঠন।
ক্রমে২, শনৈ২।
বৃদ্ধি, উন্নতি
তত, সেই প্রকার।
আকাঙ্ক্ষা, লোভ।
নির্দ্ধারিত, নিশ্চিত।
উপায়ছিল, অর্থ ছিল।
অতএব, তজ্জন্য।
যায়বৃদ্ধিকরিবারনিমিত্ত, অধিক লাভ করিবার জন্য।
ফাঁদপাতিয়া, জালপাতিয়া।
জন্তু, পশু।
আয়বৃদ্ধিসম্পাদনাদি জন্য, অর্থোপার্জ্জন বৃদ্ধি নিষ্পাদন জন্য।
কখন ২, কোন ২ সময়।
দুঃসাহসিকব্যাপারেও, অত্যন্ত সাহস জনককর্ম্মেও।
প্রবৃত্ত, নিযুক্ত।
একদা, এক সময়।
কানন, বন।

ভ্রমণ, পর্য্যটন।
বৃক্ষোপরি, গাছের উপরে।
অতিচিক্কণলোম, অত্যন্ত চিক্কণ লোম বিশিষ্ট।
অবলোকন, দর্শন।
উপকার, হিত কর্ম্ম।
বিবেচনা, বিচার।
বৃক্ষোপরিআরহণপূর্ব্বক, গছের উপর চড়িয়া।
অতিদীর্ঘ যষ্ঠির দ্বারা, অতিশয় লম্বালাঠির দ্বারা
অধিষ্ঠানশাখা, যেডালেতে বসিয়াছিল।
অবতীর্ণকরাইলেন, নামাইলেন।
দৌড়িতে, দ্রুতবেগে যাইতে।
ধাবমান, পশ্চাদ্বর্ত্তী।
তরুকোটরে, বৃক্ষের গহ্বরে
প্রবেশ, অন্তর্গমন।
তথাহইতে, সেই স্থান হইতে।
ত্বরায়, শীঘ্র।

নিষ্কাষিত, বহিষ্কৃত।
ঘোরতর, অত্যন্ত।
কুপিত, রাগান্বিত।
মস্তকেরপশ্চাদ্ভাগে, ঘাড়ে।
নখপ্রহারকরিল, নখদ্বারা আক্রমন করিল।
তথাপি, তত্রাপি।
প্রাণসংহার, জীবননষ্ট।
হর্ষোৎফুল্ললোচনে, আনন্দোৎ ফুল্লনয়নে।
প্রয়োজনোপযোগী, আবশ্যকীয়।
সংগ্রহ, সঞ্চয়।
বিরালকৃতক্ষতক্লেশ. মর্জার হইতে ক্ষত দুঃখ।
উদ্দেশে, অন্বেষণ।
সঙ্কটে, বিপদে।
অর্থসংগ্রহকরিয়া, ধন সঞ্চয় করিয়া।
শরৎকালে, ভাদ্র আশ্বিন মাসে।
সম্মুখবর্ত্তী, সম্মুখেস্থিত।
শুষ্কপর্ণরাশীতে, শুষ্কপাতার গাদীতে।
স্বর্ণময়মুদ্রা, সোনার টাকা।
উৎকীর্ণ, অঙ্কিত।
আত্মসাৎ, আপনারআয়ত্ত্ব
অপাহরণ, চুরি।
গর্হিত, মন্দ।
অধর্ম্মহেতু পাপের জন্য।
পর, অন্য।
পরিবার, পুত্র পৌত্রাদি।
নিবেদন, আবেদন।
ঘোষণা, প্রচার।
